

১৭৯

শিক্ষা

রামপাল ডিগ্রী কলেজের

সমস্যা

মুন্সীগঞ্জ উপজেলায় ঐতিহাসিক ও ঐতিহ্যপূর্ণ রামপালের নামে সর্বজনবিদিত। রামপালের রাজা বললাল সেনের সুবৎ দীর্ঘের সংলগ্নে সুজলা, সুফলা, শস্য-শ্যামলা ও ছায়ানীড় এক মনোরম পরিবেশে রামপাল ডিগ্রী কলেজটি অবস্থিত। ১৯৭২ সনে স্থানীয় কয়েকজন উৎসাহী গণ্যমাণ্য ব্যক্তির চেষ্টায় এ কলেজটি প্রতিষ্ঠা লাভ করে।

বর্তমান এ কলেজের সর্বক্ষেত্রেই সমস্যা ও অভাবের চিহ্ন প্রকট। শিক্ষক স্বল্পতা থেকে শুরু করে শ্রেণী, কক্ষ, ছাত্রদের ছাত্রাবাস, খেলাধুলার সরঞ্জাম, লাইব্রেরী, শিক্ষা উপকরণসহ প্রয়োজনীয় যন্ত্রাদি, আসবাবপত্র, ছাত্র-ছাত্রীদের মিলনায়তন, শিক্ষকদের আবাসিক গৃহ সমস্যাই প্রধান। বিশেষ করে ছাত্রদের কলেজে ভর্তি হয়ে একটি মারাত্মক সমস্যার সম্মুখীন হতে হয়। কলেজ সংলগ্ন কোন ছাত্রবাস না থাকায় অনেক ছাত্রকে

গ্রাম-গঞ্জ থেকে ৪/৫ মাইল পায়ে হেটে নিয়মিত কলেজ করতে হয়। অনন্যপায় হয়ে কেউ কেউ লজিং অথবা পেইং গেইস্ট হিসেবে থাকতে বাধ্য হয়। ফলে ছাত্রদের অনেক সময় নষ্ট হয়। বর্তমানে প্রায় সহস্রাধিক ছাত্র-ছাত্রীর জন্য ৭ কক্ষ বিশিষ্ট একটি টিনের ঘর ও একটি একতলা ভবনে ক্লাস অনুষ্ঠিত হয়। দ্বিতল ভবনের কাজ অল্প একটু এগিয়ে গেলেও আর্থিক সংকটে পড়ে এখনও নির্মাণ কাজ স্থগিত হয়ে আছে। অথচ প্রতি

বৎসরই ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধি পাচ্ছে। খেলাধুলার পর্যাপ্ত সরঞ্জাম, পত্র-পত্রিকা, রেডিও-টিভিসহ চিত্ত বিনোদনের জন্য কোন ব্যবস্থা এ কলেজে নেই। খেলাধুলার কোন সরঞ্জাম ও আর্থিক সমস্যার সমাধান হলে ভবিষ্যতে এ কলেজের ছাত্র-ছাত্রীরা ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে কৃত্রিম বয়ে আনতে পারবে। তাছাড়া বেঞ্চ, চেয়ার, টেবিল ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে এ কলেজে শিক্ষার সঠিক পরিবেশ বিদ্যিত হচ্ছে। কাজী আলাউদ্দিন রাহাত